

**জীব ও ভূ-বিজ্ঞান অনুষদ**  
**(F-ইউনিট)**  
**রাজশাহী বিশ্ববিদ্যালয়**

**২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ভর্তিচুক উত্তীর্ণ পরীক্ষার্থীদের মেধাভিত্তিক প্রাথমিক ফলাফল ও সাক্ষাৎকার সংক্রান্ত বিজ্ঞপ্তি**

২৬.১০.২০১৭ তারিখে অনুষ্ঠিত জীব ও ভূ-বিজ্ঞান অনুষদ (F-ইউনিট)-এর ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষার ফলাফল প্রাথমিকভাবে প্রকাশ করা হলো। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণদের মধ্য থেকে প্রাপ্ত নম্বর অনুযায়ী মেধার ভিত্তিতে বিজ্ঞান F-1 গ্রুপের প্রথম ১০০১, বিজ্ঞান F-2 গ্রুপের প্রথম ১০০১, বিজ্ঞান F-3 গ্রুপের প্রথম ১০০৩ জন এবং অ-বিজ্ঞান গ্রুপের প্রথম ৩০৬ জন পরীক্ষার্থীকে প্রাথমিকভাবে নির্বাচিত করা হলো। নির্বাচিত পরীক্ষার্থীদের সাক্ষাৎকার প্রতিদিন সকাল ১০.০০ টা থেকে বেলা ৪.০০টা পর্যন্ত নিম্নোল্লিখিত তারিখ ও স্থানে গ্রহন করা হবে। উল্লেখ্য, তিন দিনের মধ্যে যে কোন একদিন উপস্থিত হলেই হবে। প্রকাশিত ফলাফলে কোন ভুল-ত্রুটি/অসঙ্গতি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

| সাক্ষাৎকারের তারিখ       | সাক্ষাৎকার গ্রহণের স্থান                               | গ্রুপ       | সাক্ষাৎকারের জন্য নির্বাচিত পরীক্ষার্থীদের মেধাক্রম | সংখ্যা |
|--------------------------|--|-------------|---|--------|
| ২১/১১ থেকে<br>২৩/১১/২০১৭ | মনোবিজ্ঞান বিভাগ<br>২য় বিজ্ঞান ভবন- ৩য় তলা           | F-1 বিজ্ঞান | 001 - 275   | ৫০০ জন |
|                          | ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগ<br>২য় বিজ্ঞান ভবন- ৩য় তলা | F-1 বিজ্ঞান | 276 - 544   | ৫০১ জন |
| ২১/১১ থেকে<br>২৩/১১/২০১৭ | উদ্ভিদ বিজ্ঞান বিভাগ<br>৩য় বিজ্ঞান ভবন- নীচ তলা       | F-2 বিজ্ঞান | 001 - 287   | ৫০৩ জন |
|                          | প্রাণিবিদ্যা বিভাগ<br>৩য় বিজ্ঞান ভবন- ৩য় তলা         | F-2 বিজ্ঞান | 288 - 542   | ৪৯৮ জন |
| ২১/১১ থেকে<br>২৩/১১/২০১৭ | অনুষদ কার্যালয়<br>৩য় বিজ্ঞান ভবন- ৪র্থ তলা           | F-3 বিজ্ঞান | 001 - 272   | ৫০০ জন |
|                          | অনুষদ কার্যালয়<br>৩য় বিজ্ঞান ভবন- ৪র্থ তলা           | F-3 বিজ্ঞান | 273 - 549   | ৫০৩ জন |
| ২১/১১ থেকে<br>২২/১১/২০১৭ | ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগ<br>৩য় বিজ্ঞান ভবন- নীচ তলা | অবিজ্ঞান    | 001 - 298   | ৩০৬ জন |

- (ক) কোন পরীক্ষার্থী নির্দিষ্ট তারিখ, সময় ও স্থানে সাক্ষাৎকারে উপস্থিত হতে ব্যর্থ হলে পরবর্তীতে কোনক্রমেই তার সাক্ষাৎকার গ্রহন করা হবে না এবং ভর্তির জন্য তার নির্বাচন বাতিল বলে গণ্য হবে।
- (খ) সাক্ষাৎকার গ্রহণের জন্য নির্বাচিত পরীক্ষার্থীদেরকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (admission.ru.ac.bd) ১৯/১১/২০১৭ তারিখের মধ্যে “Subject (Department) Choice Form” পূরণ করে প্রিন্ট নিতে হবে। নির্ধারিত সময়ে “Subject (Department) Choice Form” পূরণ না করলে ২১/১১/২০১৭ থেকে শুরু সাক্ষাৎকারে অংশগ্রহণ করতে পারবে না।
- (গ) সাক্ষাৎকারের সময় পরীক্ষার্থীদেরকে নিম্নলিখিত কাগজপত্রের মূল কপি অবশ্যই দেখাতে হবে, অন্যথায় তার সাক্ষাৎকার গ্রহন করা হবে না এবং ভর্তির জন্য তার নির্বাচন বাতিল বলে গণ্য হবে।
- (১) পরীক্ষার হলে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র (Candidate copy)।
  - (২) এস.এস.সি./সম্মান এবং এইচ.এস.সি./সম্মান পরীক্ষার মূল নম্বরপত্র ও মূল রেজিস্ট্রেশন কার্ড।
  - (৩) পূরণকৃত “Subject (Department) Choice Form” [বিষয় পছন্দক্রম ফরম]- এর কপি।
- (ঘ) সাক্ষাৎকার গ্রহণের পর বিভিন্ন বিভাগে ভর্তির জন্য নির্বাচিত পরীক্ষার্থীদের চূড়ান্ত তালিকা ২৯/১১/২০১৭ তারিখের মধ্যে জীব ও ভূ-বিজ্ঞান অনুষদের নোটিশ বোর্ডে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (admission.ru.ac.bd) প্রকাশ করা হবে।
- (ঙ) আসন ফাঁকা থাকা সাপেক্ষে পরবর্তীতে অপেক্ষমান তালিকা অনুষদের নোটিশ বোর্ডে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (admission.ru.ac.bd) প্রকাশ করা হবে।

**বিঃ দ্রঃ Subject (Department) Choice Form পূরণে বিবেচ্য বিষয়সমূহঃ**

- (১) বিজ্ঞান গ্রুপের যে সকল প্রার্থীর এইচ.এস.সি.-তে জীববিজ্ঞান ছিল এবং ভর্তি পরীক্ষায় ঐচ্ছিক অংশের জীববিজ্ঞান বিষয়ে পরীক্ষা দিয়েছে তারা অনুসদভূক্ত ৭টি বিভাগেই ভর্তির জন্য “বিষয় পছন্দক্রম ফরম” পূরণ করতে পারবে।
- (২) যে সকল পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় ঐচ্ছিক অংশের গণিত বিষয়ে পরীক্ষা দিয়েছে তারা ভূগোল ও পরিবেশবিদ্যা, ভূতত্ত্ব ও খনিবিদ্যা এবং চিকিৎসা মনোবিজ্ঞান বিভাগে ভর্তি হতে পারবে।
- (৩) অ-বিজ্ঞান গ্রুপের পরীক্ষার্থীরা শুধুমাত্র ভূগোল ও পরিবেশবিদ্যা এবং মনোবিজ্ঞান বিভাগে ভর্তি হতে পারবে।

(প্রফেসর ড. মো. সাইফুল ইসলাম ফারুকী)

চীফ কো-অর্ডিনেটর

F-ইউনিট, ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা, ২০১৭-২০১৮

ও

ডীন, জীব ও ভূ-বিজ্ঞান অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়